



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ)

ই-১৪/এক্স, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৫৫০০৬৮৪৯, ফ্যাক্সঃ ৮৮০-২-৫৫০০৬৭৯১, ই-মেইলঃ bcc@bcc.net.bd Web Site: www.bcc.gov.bd

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি : এহছানুল পারভেজ, পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)

তারিখ : ০৩-০১-২০২১, রবিবার

সময় ও স্থান : বিকাল ০৩:০০ ঘটিকা, আহবায়কের কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী ও সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করেন। সদস্য-সচিব সভাকে অবগত করেন যে ২০২০-২১ অর্থবছরের জন্য বিসিসি কর্তৃক আইসিটি বিভাগে প্রেরিত ২টি ইনোভেশন আইডিয়ার মধ্যে ২য় আইডিয়া অর্থাৎ “বিসিসির কর্মকর্তা/কর্মচারীদের বেতনভাতা ও জিপিএফ হিসাব অটোমেশন” পরিবর্তন করে Government Cloud Drive (G-Drive) আইডিয়াটি বাস্তবায়নের জন্য নির্বাহী পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে সংশোধিত আইডিয়া প্রস্তাব আইসিটি বিভাগে প্রেরণের করা হয়েছে। সদস্য সচিব আরো জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক গত ২০১৯-২০২০ অর্থবছরে বাস্তবায়িত কার্যক্রমসমূহের একটি প্রকাশনার কাজ চলমান রয়েছে। উক্ত প্রকাশনায় বিসিসির কার্যক্রমসমূহ উপস্থাপনের জন্য বিসিসির ইনোভেশন টিম প্রয়োজনীয় তথ্য, আইসিটি বিভাগকে সরবরাহ করছে। সেবা সহজিকরণ সংক্রান্ত ১দিনের একটি কর্মশালাও আয়োজন করা প্রয়োজন। বিগত ১৯.০১.২০২০ তারিখের সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতি নিম্নরূপ:

ক্রমিক	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১	নিয়মিত ইনোভেশন কমিটির সভা আহবান করতে হবে।	সভা অনুষ্ঠিত হচ্ছে।
০২	২০২০-২১ অর্থবছরের জন্য বিসিসি কর্তৃক আইসিটি বিভাগে প্রেরিত ২টি ইনোভেশন আইডিয়ার মধ্যে ২য় আইডিয়া অর্থাৎ “বিসিসির কর্মকর্তা/কর্মচারীদের বেতনভাতা ও জিপিএফ হিসাব অটোমেশন” পরিবর্তন করে Government Cloud Drive আইডিয়াটি বাস্তবায়নের জন্য নির্বাহী পরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে দ্রুত সংশোধিত আইডিয়া প্রস্তাব আইসিটি বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাস্তবায়িত

০৩	২০শে জানুয়ারির মধ্যে বিসিসিতে ইনোভেশন বিষয়ে একটি কর্মশালার আয়োজন করতে হবে।	প্রক্রিয়াধীন
০৪	বিসিসির ইনোভেশন কমিটির পরবর্তী সভা আগামী ১০ জানুয়ারির মধ্যে আহ্বান করতে হবে।	বাস্তবায়িত
০৫	আগামী ২০ জানুয়ারির মধ্যে বিসিসির কর্মকর্তা/কর্মচারীদের কাছ থেকে নতুন ইনোভেশন আইডিয়া পাবার নিমিত্তে আইডিয়া আহ্বান করতে হবে।	আহ্বান করা হয়েছে।


আইসিটি বিভাগের নির্দেশনা মোতাবেক চিহ্নিত কার্যক্রম সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক) ইনোভেশন কমিটির পরবর্তী সভা আগামী ১০ ফেব্রুয়ারির মধ্যে আহ্বান করতে হবে।

খ) ১৯শে জানুয়ারিতে বিসিসিতে ইনোভেশন বিষয়ে একটি কর্মশালার আয়োজন করতে হবে। যার বিষয় বস্তু নির্ধারণ করা হয় “অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় সেবা সহজিকরণ ও জি-ড্রাইভ” সম্পর্কিত আলোচনা।

গ) আগামী ২০ জানুয়ারির মধ্যে বিসিসির কর্মকর্তা/কর্মচারীদের কাছ থেকে নতুন ইনোভেশন আইডিয়া আহ্বান করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

 ০৩.০১.২০২৩

(এহছানুল পারভেজ)

পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)

ও

আহ্বায়ক, ইনোভেশন টিম।